SME NEWS
এসএমই নিউজ
এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার
SME FOUNDATION
মুজিব শতবর্ষ MUJIB 100
বর্ষ ১৩ । সংখ্যা ৪৩ | জুলাই-সেপ্টেম্বর ২০২৩

# জাতীয় শোক দিবস পালন

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্যদের শ্রদ্ধা নিবেদন



গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান এবং পরিচালক পর্ষদ সদস্যবৃন্দ

০৪ আগস্ট ২০২৩ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান এবং পরিচালক পর্ষদ সদস্যবৃন্দ। জাতির পিতার সমাধিতে শ্রদ্ধা নিবেদনের পরে ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুসহ তাঁর পরিবারের শহীদ সদস্যদের রুহের মাগফিরাত কামনা করে ফাতেহা পাঠ, দোয়া ও বিশেষ মোনাজাত করেন তারা। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন ও পরিচালক পর্ষদ সদস্যবৃন্দ মুক্তিযুদ্ধ চলাকালীন জাতির পিতা বঙ্গবন্ধুর অবিসংবাদিত ও অদম্য নেতৃত্বের কথা এবং মহান মুক্তিযুদ্ধ পরবর্তী বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয় ও দূরদর্শী স্বপ্নের কথা গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং পরিদর্শন বইয়ে চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান তাঁর অনুভূতি ব্যক্ত করেন।

## আলোচনা সভা ও দোয়া মাহফিল

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। ১৪ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। সভায় ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুসহ তাঁর পরিবারের শহীদ সদস্যদের রুহের মাগফিরাত কামনা করে ফাতেহা পাঠ, দোয়া ও বিশেষ মোনাজাত করা হয়।



## শ্রদ্ধা নিবেদন

১৫ই আগস্ট ২০২৩ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এবং শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জাকিয়া সুলতানার উপস্থিতিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, উপমহাব্যবস্থাপক ফাহিম-বিন-আসমাত। পরে তারা জাতীয় শোক দিবস উপলক্ষ্যে শিল্প মন্ত্রণালয় আয়োজিত আলোচনা সভায় অংশগ্রহণ করেন।



# বাংলাদেশে প্রথমবারের মতো ক্লাস্টারভিত্তিক কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) উদ্বোধন




অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম এমপি, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, পরিচালক মির্জা নূরুল গণী শোভন, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এস এম আলম

পণ্যের মানোন্নয়নে স্বল্প খরচে উদ্যোক্তাদের আধুনিক প্রযুক্তির সেবা দিতে বাংলাদেশে প্রথমবারের মতো রাজশাহীর কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপন করেছে এসএমই ফাউন্ডেশন। ১৮ আগস্ট ২০২৩ রাজশাহীর কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম এমপি। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এস এম আলম, ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য মির্জা নূরুল গণী শোভন, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, সাবেক ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম এবং অতিরিক্ত জেলা প্রশাসক অসীম কুমার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান এবং শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন রাজশাহীর চারঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সোহরাব হোসেন।

## কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) পরিচালনায় ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর



চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম এমপি, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, পরিচালক মির্জা নূরুল গণী শোভন এবং শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এস এম আলম।

## কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপন

শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের আধুনিক প্রযুক্তি সেবা প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে রাজশাহীর কালুহাটি পাদুকা ক্লাস্টারে ১৩টি অত্যাধুনিক মেশিনসহ কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপন করা হয়েছে। উদ্যোক্তাদের পণ্যের গুণগত মানোন্নয়ন, বহুমুখী পণ্যের উৎপাদন, উৎপাদন হার বৃদ্ধি এবং সামগ্রিক ব্যবসায়িক উন্নয়নই কমন ফ্যাসিলিটি সেন্টার স্থাপনের মূল লক্ষ্য। কালুহাটি পাদুকা ক্লাস্টারে সিএফসি'র আদলে অন্যান্য ক্লাস্টারেও অনুরূপ কার্যক্রম গ্রহণ করার পরিকল্পনা রয়েছে এসএমই ফাউন্ডেশনের। কালুহাটিতে সিএফসি স্থাপন এবং এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহায়তা ও দিক নির্দেশনা প্রদান করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। প্রতিমন্ত্রীর ব্যক্তিগত উদ্যোগে সিএফসি পরিচালনার জন্য বিদ্যুত সংযোগ স্থাপিত হয়েছে। কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে চারঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা, এসএমই ফাউন্ডেশন ও কালুহাটি পাদুকা শিল্প মালিক সমবায় সমিতির সমন্বয়ে একটি পরিচালনা কমিটি গঠন করা হয়েছে।

## কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি)'র মেশিন, যন্ত্রপাতি, সেবা যাচাই ও কমিশনিং

কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে স্থাপিত সিএফসির মেশিন স্পেসিকেশন অনুযায়ী যাচাই, ডেলিভারি, ওয়ারিং, ইন্সটলেশন, কমিশনিং সার্ভিস সরবরাহ ও স্থাপন যথাযথভাবে হয়েছে কিনা তা যাচাইয়ের জন্য Technical Inspection and Acceptance Committee (TIAC) কমিটি গঠন করা হয়। ২৬ মে ২০২৩ কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে সিএফসি'র যন্ত্রপাতি আনলোড করা হয়। টেকনিক্যাল রিসোর্স পার্সনসহ TIAC কমিটি ২৬-২৭ মে ২০২৩ কালুহাটিতে সিএফসি মেশিন আনলোডিং তদারকি, মনিটরিং ও উদ্যোক্তাদের সাথে মতবিনময় করেন। উল্লেখ্য, কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি)-এর মেশিন,যন্ত্রপাতি ক্রয় ও স্থাপনসহ ইলেকট্রিক্যাল ওয়ারিং এর কাজ সম্পন্ন করেছে True Engineers Associates। ১৬-১৭ আগস্ট ২০২৩ ফাউন্ডেশনের TIAC সদস্যগণ সিএফসি'র যন্ত্রপাতির স্পেসিফিকেশন যাচাই করে কমিশনিং সম্পন্ন করেন। উক্ত টিমে টেকনিক্যাল রিসোর্স পার্সন ছিলেন পিপলস ফুটওয়্যার অ্যান্ড লেদারগুডস-এর প্রোপ্রাইটর হাফিজুর রহমান এবং এক্সিস লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার-এর প্রোপ্রাইটর মো. মাসুদ পারভেজ। কমিশনিং সার্বিকভাবে পর্যবেক্ষণ করেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া, উপব্যবস্থাপক মো. তানভীর ফয়সাল, উপব্যবস্থাপক জোনা তালুকদার ও সহকারী ব্যবস্থাপক মেহেদী হাসান। এসময় উপস্থিত ছিলেন কালুহাটি পাদুকা শিল্প মালিক সমবায় সমিতি লিমিটেডের সদস্যবৃন্দ।

## 'সিএফসি'র যন্ত্রপাতি পরিচালনা' প্রশিক্ষণ



০৪-০৬ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে রাজশাহীর কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি)-এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি)–এর যন্ত্রপাতি পরিচালনা' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে রাজশাহীর চারঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সোহরাব হোসেন সিএফসির সঠিক পরিচালনা ও ব্যবস্থাপনা বিষয়ে উদ্যোক্তা ও কর্মীদের সাথে আলোচনা ও মতবিনিময় করেন এবং দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন পিপলস ফুটওয়্যার অ্যান্ড লেদারগুডস-এর প্রোপাইটর হাফিজুর রহমান এবং ফিলহান্ট ফুটওয়্যার-এর প্রোডাকশন ডেভেলপার মনোরঞ্জন বিশ্বাস। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া এবং সহকারী ব্যবস্থাপক মেহেদী হাসান। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সিএফসি মেশিনের সঠিক ব্যবহার ও মেইনটেন্যান্স বিষয়ে হাতে কলমে শেখানো হয় এবং কয়েকটি পণ্য উৎপাদন করা হয়। এই সিএফসি উদ্যোক্তা, কর্মী, ও স্থানীয় ব্যবসায়ীদের মাঝে নতুন আশার সৃষ্টি করেছে। এর ফলে ব্যবসায় গতি ফিরে পাওয়ার ব্যাপারে আশাবাদী উদ্যোক্তাগণ।

# নারী-উদ্যোক্তাদের সহায়তায় ওয়ান স্টপ ডিজিটাল প্ল্যাটফর্ম ‘WE-HELP’ উদ্বোধন



অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার, শিল্পসচিব জাকিয়া সুলতানা, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, ইউএনএসকাপ-এর প্রতিনিধি Ms. Cai Caiসহ অতিথিবৃন্দ

এসএমই ফাউন্ডেশন এবং জাতিসংঘের এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সম্পর্কিত অর্থনৈতিক ও সামাজিক কমিশন (ইউএনএসকাপ)-এর উদ্যোগে নারী-উদ্যোক্তাদের সহায়তায় ওয়ান স্টপ ডিজিটাল প্ল্যাটফর্ম ‘WE-HELP’ উদ্বোধন করেছেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার। ১৪ সেপ্টেম্বর ২০২৩ আগারগাঁও পর্যটন ভবনে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিল্পসচিব জাকিয়া সুলতানা এবং সম্মানিত অতিথি ছিলেন ইউএনএসকাপ-এর সামাজিক উন্নয়ন বিভাগের লিঙ্গ সমতা ও সামাজিক অন্তর্ভুক্তি শাখার প্রধান Ms. Cai Cai, জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী Ms. Gwyn Lewis, বাংলাদেশে কানাডীয় হাইকমিশনের সিনিয়র উন্নয়ন কর্মকর্তা Ms. Rita Houkayem এবং সার্ক বিজনেস কাউন্সিল, বাংলাদেশের সভাপতি মানতাশা আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। অনুষ্ঠানে জানানো হয়, বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সমীক্ষা ২০১৩ অনুযায়ী দেশের ৭৮ লাখের বেশি ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানের মধ্যে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠান (সিএমএসএমই)-এর সংখ্যা শতকরা ৯৯.৯৩%, অর্থনীতিতে এসব প্রতিষ্ঠানের অবদান শতকরা ২৫ ভাগের বেশি, শিল্পের কর্মসংস্থানে অবদান শতকরা ৮৫ ভাগ। আর এসব প্রতিষ্ঠানের মধ্যে নারী-উদ্যোক্তা মাত্র ৭.২% আর দেশের মোট এসএমই ঋণের শতকরা মাত্র ৮ ভাগ পান নারী-উদ্যোক্তারা। তবে এসএমই ফাউন্ডেশনের বিতরণকৃত ঋণের শতকরা ২৫-৩০ ভাগ আর সব ধরনের সেবা শতকরা ৭০% পান নারী-উদ্যোক্তারা। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-বিআইডিএস এর হিসাবে, দেশে নারী-উদ্যোক্তা পরিচালিত প্রতিষ্ঠানে ৮৪ লাখ মানুষ কাজ করেন, যা দেশের মোট কর্মক্ষম মানুষের শতকরা ১০ ভাগ। আর শ্রমে নারীর অংশগ্রহণ শতকরা ৩৬ ভাগের বেশি। এই হার ৪৫ ভাগের উন্নীত করা গেলে মোট দেশজ উৎপাদন বা জিডিপি প্রবৃদ্ধি শতকরা ২ ভাগ বেশি হতো। এসএমই ফাউন্ডেশন এবং UNESCAP যৌথভাবে ‘Catalyzing Women’s Entrepreneurship–Creating a Gender Responsive Entrepreneurial System’ প্রকল্পের আওতায় বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এর অংশ হিসেবে নারী-উদ্যোক্তাদের জন্য ‘WE-HELP’ ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছে, যার মাধ্যমে সারা দেশের নারী-উদ্যোক্তাদের অনলাইনভিত্তিক ব্যবসায়িক তথ্য আদান-প্রদান, নেটওয়ার্কিং, প্রশিক্ষণ, বাজার সংযোগ, ঋণসহ উদ্যোক্তা উন্নয়নে প্রয়োজনীয় তথ্য ও সহায়তা প্রদান করা হবে। এই প্ল্যাটফর্ম থেকে ব্যবসার আর্থিক ব্যবস্থাপনা, পণ্যের মান, আইসিটি ও ডিজিটাল সেবা, দক্ষতা উন্নয়ন, তহবিল ও আর্থিক সহায়তা, শ্রম অধিকার ও কারখানা নিরাপত্তায় আন্তর্জাতিক মান নিশ্চিতকরণ, কর ও নীতি সহায়তা, নেটওয়ার্কিং ও ম্যাচমেকিং, পণ্যের বাজার, বিপণন সহায়তা ও প্রদর্শনী, ওয়েবিনার ও প্রশ্নোত্তরসহ ২০ ধরনের সেবা মিলবে।

# সমঝোতা স্মারক স্বাক্ষর

## এসএমই ফাউন্ডেশনের সাথে ইউএনডিপি’র সমঝোতা স্মারক স্বাক্ষর




বাংলাদেশের নারী-উদ্যোক্তাদের অগ্রাধিকার দিয়ে এসএমই উদ্যোক্তাদের উন্নয়নে একসাথে কাজ করবে এসএমই ফাউন্ডেশন এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি-ইউএনডিপি। ১৯ জুলাই ২০২৩, বুধবার এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং ইউএনডিপি’র পক্ষে ভারপ্রাপ্ত আবাসিক প্রতিনিধি Van Nguyen সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান বলেন, প্রতিবেশী দেশগুলোর তুলনায় বাংলাদেশের অর্থনীতিতে এসএমই খাতের অবদান অনেক কম। তাই বাংলাদেশের এসএমই খাতের উন্নয়নে কাজ করার সুযোগ অনেক বেশি। এসএমই ফাউন্ডেশনের কার্যক্রমে ইউএনডিপিকে সহযোগী হিসেবে যুক্ত হওয়ায় দেশের এসএমই খাতের উন্নয়ন ত্বরান্বিত হবে। এই সমঝোতা স্মারক বাস্তবায়নে কর্মসূচি গ্রহণের ক্ষেত্রে গ্রামীণ অঞ্চলের উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়ার পরামর্শ দেন তিনি।

## এসএমই ফাউন্ডেশনের সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের সমঝোতা স্মারক স্বাক্ষর




১০ আগস্ট ২০২৩ এসএমই খাতের উন্নয়নে যৌথ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের সমঝোতা স্মারক স্বাক্ষর। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এ বি এম শহিদুল ইসলাম সমঝোতা স্মারক হস্তান্তর করেন। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. হরিপদ ভট্টাচার্য, অধ্যাপক ড. রাজিয়া বেগম, অধ্যাপক ড. জাকির হোসাইন ভুঁইয়া, অধ্যাপক ড. আনিসুর রহমান, অধ্যাপক ড. মো. মিজানুর রহমান, অধ্যাপক ড. সিরাজুল হক, অধ্যাপক ড. সমীর কুমার শীল, অধ্যাপক ড. মো: আবুল কালাম আজাদ, অধ্যাপক ড. আতাউর রহমান, এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক নাজিম হাসান সাত্তার সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## ‘এসএমই খাতের উন্নয়নে কারিগরি শিক্ষা খাতের ভূমিকা’ সেমিনার




অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এমপি, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব ড. মো. সিরাজুল ইসলাম, ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

এসএমই খাতের উন্নয়নে প্রয়োজন উন্নততর উৎপাদন, উদ্ভাবন ও প্রযুক্তিতে দক্ষ জনশক্তি। এই লক্ষ্যে এসএমই শিল্প এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যোগাযোগ বাড়ানো দরকার। ২১ আগস্ট ২০২৩ আগারগাঁও পর্যটন ভবনে এসএমই ফাউন্ডেশন এবং জার্মান উন্নয়ন সংস্থা Friedrich-Ebert-Stiftung (FES), Bangladesh-এর উদ্যোগে ‘এসএমই খাতের উন্নয়নে কারিগরি শিক্ষা খাতের ভূমিকা’ সেমিনারে বিশেষজ্ঞরা এই মন্তব্য করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এমপি। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) ড. মো. সিরাজুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং FES Bangladesh-এর আবাসিক প্রতিনিধি Felix Kolbitz। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্গানাইজেশন স্ট্রাটেজি অ্যান্ড লিডারশিপ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শরীয়ত উল্লাহ সেমিনারে মূল প্রবন্ধ/পেপার উপস্থাপন করেন। অনুষ্ঠানে দেশের টেকনিক্যাল ও ভোকেশনাল ইনস্টিটিউট, এসএমই উদ্যোক্তা, চেম্বার ও অ্যাসোসিয়েশন প্রতিনিধি অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, দেশের বিভিন্ন এসএমই খাত ও উপখাত সম্পর্কে সম্যক ধারণা অর্জন, কার্যকর কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণের জন্য এসএমই সংশ্লিষ্ট বিভিন্ন খাতের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনার পাশাপাশি ফাউন্ডেশন বিভিন্ন বিষয়ের ওপর সেমিনার/কর্মশালা আয়োজন করে থাকে। এরই ধারাবাহিকতায় এসএমই ফাউন্ডেশন এবং FES Bangladesh-এর যৌথ উদ্যোগে এই স্টেকহোল্ডার কনসালটেশন অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

## ‘বাংলাদেশের এসএমই উদ্যোক্তাদের উন্নয়নে শিক্ষা ও শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতা’ পলিসি ব্রিফিং অনুষ্ঠান




অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. কামাল হোসেন, ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

দক্ষ জনশক্তি তৈরি এবং শিক্ষিত বেকার কমাতে শিক্ষা ও শিল্প প্রতিষ্ঠান সহায়তা কাউন্সিল গঠন এবং দুই খাতের মধ্যে যোগাযোগ বাড়ানো দরকার। ২৯ আগস্ট ২০২৩ আগারগাঁও পর্যটন ভবনে এসএমই ফাউন্ডেশন এবং জার্মান উন্নয়ন সংস্থা Friedrich-Ebert-Stiftung (FES), Bangladesh-এর উদ্যোগে ‘বাংলাদেশের এসএমই উদ্যোক্তাদের উন্নয়নে শিক্ষা ও শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতা’ পলিসি ব্রিফিং অনুষ্ঠানে এসব পরামর্শ দেন বিশেষজ্ঞরা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. কামাল হোসেন। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মো. সামির সাত্তার। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ শাহাদাত হোসাইন সিদ্দিকী। দেশের এসএমই উদ্যোক্তা, চেম্বার ও অ্যাসোসিয়েশন প্রতিনিধি, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি, গবেষক, অর্থনীতিবিদ, বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের প্রতিনিধিগণ এবং সংশ্লিষ্ট অংশীজনগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

## পণ্য সরবরাহকারী নারী-উদ্যোক্তাদের জন্য ‘ক্রেতা-বিক্রেতা সম্মিলনের প্রস্তুতি’ কর্মশালা




নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজার-সংযোগের লক্ষ্যে প্রতি বছরের মতো এবারো ক্রেতা-বিক্রেতা সম্মিলন ২০২৩ আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে এসএমই ফাউন্ডেশন। এই আয়োজন উৎপাদনকারী নারী-উদ্যোক্তাদের কাঙ্খিত ক্রেতার সাথে পরিচিত করতে এবং বাণিজ্যিক ক্রেতাদের পণ্যের উৎপাদনকারী খুঁজে পেতে সাহায্য করবে। প্রাথমিক পদক্ষেপ হিসেবে পণ্য সরবারহকারী নারী-উদ্যোক্তাদের জন্য ২৪ আগস্ট ২০২৩ আগারগাঁও পর্যটন ভবনে ক্রেতা-বিক্রেতা সম্মিলনের প্রস্তুতি’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় বুটিকস, পাটজাতপণ্য, চামড়াজাতপণ্য এবং হস্তশিল্পের প্রায় ১০০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। রিসোর্স পার্সন ছিলেন ফ্যাশন হাউজ সাদাকালো’র স্বত্বাধিকারী আজহারুল হক আজাদ, রং বাংলাদেশ-এর স্বত্বাধিকারী সৌমিক দাস, নিপুণ-এর স্বত্বাধিকারী আশরাফুর রহমান ফারুক, বিবিয়ানা’র স্বত্বাধিকারী লিপি খন্দকার এবং তরঙ্গ-এর নির্বাহী পরিচালক কোহিনুর ইয়াসমিন। রিসোর্স পার্সনগণ নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য পর্যবেক্ষণ করেন এবং পণ্য বাজার-সংযোগের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খানের সঞ্চালনায় কর্মশালায় সভাপতিত্ব করেন উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, ব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন।

# এসএমই ফাউন্ডেশনের সাথে শ্রীলঙ্কার এসএমই উন্নয়ন প্রতিমন্ত্রীর মতবিনিময় সভা




এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সাথে মতবিনিময় করেন শ্রীলংকার এসএমই উন্নয়ন প্রতিমন্ত্রী Prasanna Ranaweera MP এবং ন্যাশনাল ক্র্যাফট কাউন্সিলের চেয়ারম্যান Sampath Erahapola, ঢাকায় নিযুক্ত ভারপ্রাপ্ত হাইকমিশনার Ruwanthi Delpitiya

বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের সাথে কাজ করবে শ্রীলঙ্কা। এসএমই খাতের উন্নয়নে যৌথ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সাথে মতবিনিময় সভায় একথা বলেন শ্রীলঙ্কার এসএমই উন্নয়ন প্রতিমন্ত্রী Prasanna Ranaweera MP এবং শ্রীলঙ্কার ন্যাশনাল ক্র্যাফট কাউন্সিলের চেয়ারম্যান Sampath Erahapola। ১৭ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে আয়োজিত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ঢাকায় নিযুক্ত শ্রীলঙ্কার ভারপ্রাপ্ত হাইকমিশনার Ruwanthi Delpitiya ও ফার্স্ট সেক্রেটারি এবং এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, ফারজানা খান ও মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভার আগে অতিথিগণ এসএমই উদ্যোক্তাদের তৈরি পণ্য প্রদর্শনী ঘুরে দেখেন। সভায় বাংলাদেশে এসএমই খাতের চিত্র এবং এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম তুলে ধরেন উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ। এসময় ঢাকায় শ্রীলংকার হাইকমিশনার জনাব রুয়ান্থি দেলপিথিয়া এসএমই খাতে বাংলাদেশ এবং শ্রীলংকার বর্তমান অবস্থা সম্পর্কে আলোকপাত করেন। শ্রীলংকা'র ন্যাশনাল ক্রাফট কাউন্সিলের চেয়ারপার্সন Sampath Erahapola তাঁর দেশের টেক্সটাইল খাতের অগ্রগতির কথা তুলে ধরেন। শ্রীলংকার এসএমই উন্নয়ন প্রতিমন্ত্রী Prasanna Ranaweera MP এসএমই উন্নয়নে গঠিত ইনস্টিটিউট পরিদর্শনের জন্য আমন্ত্রণ জানান এবং বাংলাদেশের এমএমই উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রমের প্রশংসা করে ভবিষ্যতে দুই দেশের সম্পর্ক আরও জোরদার হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান বলেন, এসএমই ফাউন্ডেশন বাংলাদেশের এসএমই উদ্যোক্তাদের পণ্যের মানোন্নয়ন, বাজারজাতকরণ, অর্থায়ন, এসএমই ক্লাস্টার উন্নয়ন, নারী-উদ্যোক্তা উন্নয়ন, দক্ষতা উন্নয়নসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। তবে শ্রীলঙ্কা সরকার আলাদা মন্ত্রণালয় ও বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে এসএমই খাতের উন্নয়নে আরো অনেক গুরুত্বপূর্ণ কাজ করছে, সেখান থেকে অভিজ্ঞতা অর্জন করে বাংলাদেশের এসএমই খাতের উন্নয়নে তা বাস্তবায়নের চেষ্টা করবে এসএমই ফাউন্ডেশন।



নারায়ণগঞ্জ জামদানী ক্লাস্টার পরিদর্শন করেন শ্রীলংকার এসএমই উন্নয়ন প্রতিমন্ত্রী Prasanna Ranaweera MP

# বাংলাদেশের নারী-উদ্যোক্তা উন্নয়নে ৭ বছর মেয়াদী কৌশলপত্র তৈরি করেছে এসএমই ফাউন্ডেশন এবং ইউএনএসকাপ




অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

বাংলাদেশের নারী-উদ্যোক্তা উন্নয়নে ৭ বছর মেয়াদী কৌশলপত্র তৈরি করেছে এসএমই ফাউন্ডেশন এবং ইউএনএসকাপ। এজন্য মোট ১০টি ক্ষেত্রে সহায়তার পরামর্শ দেয়া হয়েছে কৌশলপত্রে। এ উপলক্ষ্যে ১৩ সেপ্টেম্বর ২০২৩ আগারগাঁও পর্যটন ভবনে এসএমই ফাউন্ডেশন এবং ইউএনএসকাপ-এর উদ্যোগে 'বাংলাদেশে নারী-উদ্যোক্তা উন্নয়ন কৌশলপত্র' নিয়ে অংশীজনদের মতামত গ্রহণ অনুষ্ঠানে এসব তথ্য জানানো হয়েছে। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জাকিয়া খানম। বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম উইমেন চেম্বারের সভাপতি মনোয়ারা হাকিম আলী। সম্মানিত অতিথি ছিলেন ইউএনএসকাপ-এর সামাজিক উন্নয়ন বিভাগের লিঙ্গ সমতা ও সামাজিক অন্তর্ভুক্তি শাখার প্রধান Ms. Cai Cai এবং স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। মূল প্রবন্ধে ইউএনএসকাপ-এর পরামর্শক রাধিকা বেহুরিয়া এবং ড. অনন্য রায়হান জানান, বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সমীক্ষা ২০১৩ অনুযায়ী দেশের ৭৮ লাখের বেশি ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানের মধ্যে মাত্র ৭.২% নারী উদ্যোক্তা। তবে শ্রমে নারীর অংশগ্রহণ শতকরা ৩৬ ভাগের বেশি। এই হার ৪৫ ভাগের উন্নীত করা গেলে মোট দেশজ উৎপাদন বা জিডিপি প্রবৃদ্ধি শতকরা ২ ভাগ বেশি হতো। এজন্য নারী-উদ্যোক্তা উন্নয়নে এই কৌশলপত্র তৈরি করা হয়েছে। এই কৌশলপত্রে প্রাতিষ্ঠানিক ও নীতি সহায়তা, মানবসম্পদ উন্নয়ন, নেটওয়ার্ক উন্নয়ন, নারীর সম্ভাবনা কাজে লাগানো, অর্থায়ন বাড়ানো, বাজার সংযোগ, ডিজিটাল ও আইসিটি উন্নয়ন, সঠিক ডাটা ও জ্ঞানের উন্নয়ন, প্রাতিষ্ঠানিক সমন্বয় বাড়ানো এবং জবাবদিহীতা নিশ্চিতকরণ-এই ১০টি ক্ষেত্রে সহায়তার বৃদ্ধির পরামর্শ দেয়া হয়েছে। এ কৌশলপত্র বাস্তবায়নে সরকারি বেসরকারি সংস্থাগুলোকে সমন্বিতভাবে একযোগে নারী-উদ্যোক্তা উন্নয়নে কাজ করার পরামর্শও দেয়া হয় অনুষ্ঠানে। নারী-উদ্যোক্তাসহ বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর, চেম্বার/অ্যাসোসিয়েশন, উইমেন চেম্বার ও অ্যাসোসিয়েশন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং উন্নয়ন সংস্থার প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

## নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান উদ্যোক্তাদের জন্য

# এসএমই ফাউন্ডেশনের দক্ষতা উন্নয়ন কার্যক্রম

ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন অঞ্চল/এসএমই ক্লাস্টার/অ্যাসোসিয়েশন/ট্রেডবডি/চেম্বারের চাহিদার প্রেক্ষিতে দেশব্যাপী সম্ভাবনাময় নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান এসএমই উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধিতে এবং এসএমই খাতের উন্নয়নে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন নানা ধরনের প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। জুলাই-সেপ্টেম্বর ২০২৩ ফাউন্ডেশন আয়োজিত ৩২টি প্রশিক্ষণে ৯০৪জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উল্লেখ্যযোগ্য প্রশিক্ষণের বিবরণ নিম্নে তুলে ধরা হলো:

### মৌলভীবাজারে 'কলাগাছের সুতা দিয়ে ঐতিহ্যবাহী পোশাক তৈরি' প্রশিক্ষণে 'কলাবতী শাড়ী' তৈরি



১১-৩০ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মৌলভীবাজারের শ্রীমঙ্গলে 'কলাগাছের সুতা দিয়ে ঐতিহ্যবাহী পোশাক তৈরি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রথমবারের মতো আয়োজিত ২০ দিনব্যাপী প্রশিক্ষণে প্রশিক্ষক ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর কাছ থেকে পুরস্কারপ্রাপ্ত রাধাবতী দেবী। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মল্লিকা রায়, উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মৌলভীবাজার। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। ২০ সেপ্টেম্বর ২০২৩ সংসদ সদস্য (মহিলা আসন-৩৬) সৈয়দা জোহরা আলাউদ্দিন প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন। প্রশিক্ষণে মণিপুরী সম্প্রদায়ের ৩০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে কলাগাছের সুতা দিয়ে প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তাদের তৈরি করা ৫টি 'কলাবতী শাড়ি' প্রদর্শন করা হয়।

### ঝিনাইদহে 'ব্লক-বাটিক' এবং নীলফামারীতে 'ফ্যাশন ডিজাইন' প্রশিক্ষণ

১৬-২০ জুলাই ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং উইমেন এন্ট্রাপ্রিনিয়ার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব)-এর সহযোগিতায় ঝিনাইদহে 'ব্লক-বাটিক' প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আবদুল হাই সিদ্দিকী, ডেপুটি ডিরেক্টর, সমাজ সেবা অধিদপ্তর, ঝিনাইদহ। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো. লিয়াকত হোসাইন, কাউন্সিলর, ঝিনাইদহ পৌরসভা। ২৭-৩১ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই)-এর সহযোগিতায় নীলফামারীতে 'ফ্যাশন ডিজাইন' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

### ঠাকুরগাঁওয়ে 'ফেব্রিক কাটিং ও সেলাই কৌশল' প্রশিক্ষণ

২৪-২৮ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও কারুপণ্য উন্নয়ন সংস্থা'র সহযোগিতায় ঠাকুরগাঁওয়ে প্রান্তিক আদিবাসী (সাঁওতাল, উড়াও) উদ্যোক্তাদের জন্য 'ফেব্রিক কাটিং ও সেলাই কৌশল' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

### 'ফাস্ট ফুড তৈরি ও সংরক্ষণ' প্রশিক্ষণ




২৩-২৭ জুলাই ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই)-এর সহযোগিতায় মুন্সীগঞ্জে 'ফাস্ট ফুড প্রিপারেশন অ্যান্ড প্রসেসিং' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ২০-২৪ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং উইমেন এন্ট্রাপ্রিনিয়ার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব)-এর সহযোগিতায় দিনাজপুরে 'ফাস্ট ফুড তৈরি ও সংরক্ষণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে বর্তমান সময়ে জনপ্রিয় প্রায় ১৮ প্রকারের ফাস্ট ফুড আইটেম তৈরি করা হাতে-কলমে শেখানো হয়।

### 'আয়ুর্বেদিক বিউটি থেরাপি'র উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগ



বাংলাদেশের উদ্যোক্তাদের দক্ষিণ ভারতের কেরালা আয়ুর্বেদীয় পদ্ধতিতে রূপচর্চার পন্থা শেখানোর লক্ষ্যে ২৩-২৭ জুলাই ২০২৩ এবং ২৭-৩১ আগস্ট ২০২৩ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ প্রফেশনাল সেলুন/পার্লারের এবং প্রোডাক্ট ডেভেলপার উদ্যোক্তা। দু'টি প্রশিক্ষণে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, দিনাজপুর, শরীয়তপুর, রাঙ্গামাটি, নাটোর, নওগাঁ, ময়মনসিংহ, ঠাকুরগাঁও, মুন্সিগঞ্জ, বগুড়া, গাজীপুরের নারী-উদ্যোক্তাগণ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে যুগোপযোগী রূপচর্চার মাধ্যম হিসেবে আয়ুর্বেদিক বিউটি থেরাপি কীভাবে ত্বক ও চুলের বিভিন্ন সমস্যার সমাধান করে তা শেখানো হয়। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার অংশগ্রহণকারী উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন। প্রশিক্ষণে রিসোর্সপার্সন ছিলেন একাডেমি অব এলেন-এর স্বত্বাধিকারী সাদিয়া তাজমিন দোলা।

### চাঁপাইনবাবগঞ্জে 'নকশিকাঁথা পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন' প্রশিক্ষণ

১৭-২১ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং চাঁপাইনবাবগঞ্জ নকশিকাঁথা ক্লাস্টারের সহযোগিতায় 'নকশিকাঁথা পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধন করেন মসিউর রহমান বাবু, ভাইস প্রেসিডেন্ট, চাঁপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আব্দুল অহেদ, সভাপতি, চাঁপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ।

### বগুড়ায় 'ব্যবসায় ব্যবস্থাপনা' প্রশিক্ষণ

২৯-৩১ জুলাই ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য বগুড়াতে 'ব্যবসা ব্যবস্থাপনা' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধন করেন সংরক্ষিত আসনের সংসদ সদস্য মোছা. ডরথী রহমান এবং সভাপতিত্ব করেন ক্লাস্টার সভাপতি গোলাম আজম টিকুল। প্রশিক্ষণে ব্যবসা ব্যবস্থাপনার মৌলিক বিষয়সমুহ সম্পর্কে স্বচ্ছ ধারণা প্রদান করা হয়।

### ঝালকাঠিতে 'শীতলপাটি পণ্যের বহুমুখীকরণ' প্রশিক্ষণ

৩০ সেপ্টেম্বর-০৪ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে শীতলপাটি শিল্প যুব ফাউন্ডেশনের সহযোগিতায় ঝালকাঠির নলছিটি শীতলপাটি ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'শীতলপাটি পণ্যের বহুমুখীকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

### 'বাঁশ-বেত জাত পণ্যের মানোন্নয়নে আধুনিকায়ন' ও 'পণ্যের বহুমুখীকরণ' প্রশিক্ষণ



৩১ আগস্ট-০৪ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং কিশোরগঞ্জ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় 'বাঁশ-বেত জাত পণ্যের মানোন্নয়নে আধুনিকায়ন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে কারুকার্যময় আয়না, ল্যাম্পশেড, শো-পিসসহ প্রায় ২০ প্রকারের পণ্য উৎপাদন করা হয় এবং শেষ দিন তা প্রদর্শন করা হয়। ২০-২৪ সেপ্টেম্বর ২০২৩ মানিকগঞ্জের ঘিওরে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বাঁশ-বেত শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'বাঁশ-বেত জাত পণ্যের বহুমুখীকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান উদ্যোক্তাদের জন্য

# এসএমই ফাউন্ডেশনের দক্ষতা উন্নয়ন কার্যক্রম

### ‘Social Commerce for SMEs’ এবং ‘Facebook Commerce for SMEs’ প্রশিক্ষণ




২৬-২৭ জুলাই ২০২৩ এবং ২৮-২৯ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Social Commerce for SMEs প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন httpool-এর কর্মকর্তাবৃন্দ। প্রতিষ্ঠানটি ফেসবুকের প্যারেন্ট কোম্পানি Meta-এর Authorized Sales Partner। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার এবং সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী। ২৪-২৫ সেপ্টেম্বর ২০২৩ প্রতিষ্ঠানটির কর্মকর্তাদের সহায়তায় এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘Facebook Commerce for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। ০২-০৩ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং ফরিদপুর জেলা প্রশাসনের সহযোগিতায় জেলা প্রশাসনের কম্পিউটার ল্যাবে ‘Social Commerce for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা প্রশাসক মো. কামরুল আহসান তালুকদার পিএএ। ১৩-১৪ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘E-Commerce for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

### চট্টগ্রামে ‘লেদার প্রোডাক্টস প্রোডাকশন’ এবং ‘জুট প্রোডাক্টস প্রোডাকশন’ প্রশিক্ষণ

১৬-২০ জুলাই ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (সিডাব্লিওসিসিআই)-এর সহযোগিতায় চট্টগ্রামে ‘লেদার প্রোডাক্টস প্রোডাকশন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

০৯-১৩ সেপ্টেম্বর ২০২৩এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং চিটাগং উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (সিডাব্লিউসিসিআই)-এর সহযোগিতায় চট্টগ্রামে, ‘জুট প্রোডাক্টস প্রোডাকশন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

### পটুয়াখালী মৃৎশিল্প ক্লাস্টারে ‘পণ্যের মানোন্নয়নে আধুনিকায়ন’ প্রশিক্ষণ

২৭-৩১ জুলাই ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে পটুয়াখালীর বাউফলে মৃৎশিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ, আধুনিক ডিজাইন এবং গুণগত পণ্য উৎপাদনে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ‘পণ্যের মানোন্নয়নে আধুনিকায়ন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আবদুল খান বাবুল, প্যানেল মেয়র, বাউফল পৌরসভা।

### ‘ন্যাচারাল ডাইং’ প্রশিক্ষণে শতভাগ প্রাকৃতিক রং ব্যবহার শিখছেন উদ্যোক্তারা




১৭-২১ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘ন্যাচারাল ডাইং’ প্রশিক্ষণে ঢাকা, কুমিল্লা, টাঙ্গাইল, দিনাজপুর, বগুড়া, নওগাঁ, ঝিনাইদহের উদ্যোক্তাগণ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে সিল্ক স্কার্ফ ও সুতি কাপড়ের ওপর ভিন্ন ধরনের উপাদান দিয়ে ন্যাচারাল ডাইং করে প্রোডাক্ট তৈরি করেন উদ্যোক্তারা। ২০২১ সাল থেকে ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকা, ফরিদপুর, সিলেট, নাটোর, ঠাকুরগাঁওয়ে ৫টি ‘ন্যাচারাল ডাইং’ প্রশিক্ষণে ১৩৯জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন, যাদের ৯০%-এর বেশি নারী-উদ্যোক্তা। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ।

### ‘পাটজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ’ প্রশিক্ষণ

১৬-২০ সেপ্টেম্বর ২০২৩ নীলফামারীতে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) নীলফামারী জেলা শাখার সহযোগিতায় ‘পাটজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো. সাইফুর রহমান অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নীলফামারী। ১৭-২১ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) এর সহযোগিতায় নেত্রকোনায় ‘পাটজাত পণ্য তৈরি ও ব্যবসা ব্যবস্থাপনা’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

### রাঙ্গামাটিতে ‘তাঁতপণ্যের ডিজাইন ডেভেলপমেন্ট’ কর্মশালা

২৯ আগস্ট-০২ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশন এবং ব্র্যাক ব্যাংকের উদ্যোগে রাঙ্গামাটিতে ‘তাঁতপণ্যের ডিজাইন ডেভেলপমেন্ট’ কর্মশালা আয়োজন করা হয়।

### ‘বহুমুখী পাটজাত পণ্য উৎপাদন’ ToT কর্মশালা

২৩-২৭ জুলাই ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং Society for Welfare of Autistic Children (সোয়াক)-এর সহযোগিতায় ‘বহুমুখী পাটজাত পণ্য উৎপাদন’ ToT কর্মশালা আয়োজন করা হয়। প্রশিক্ষণে পাটের ব্যাগ, লেডিস ব্যাগ, অ্যাপ্রোন, ফোল্ডারসহ বিভিন্ন পাটজাত পণ্য তৈরি করা হাতে-কলমে শেখানো হয়। পড়াশুনার পাশাপাশি অটিস্টিক কিশোররা যেন বিনিয়োগধর্মী কাজে যুক্ত হওয়ার মাধ্যমে স্বনির্ভর হতে পারে এ লক্ষ্যে সোয়াক-এর শিক্ষকদের জন্য এই প্রশিক্ষণ আয়োজন করা হয়।

### সিলেটে ‘চামড়াজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ



১৬-২০ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং সিলেট জেলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি’র সহযোগিতায় সিলেট চেম্বার ভবনে ‘চামড়াজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক শেখ রাসেল হাসান। বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী। কর্মশালার শেষ দিনে সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিভাগীয় কমিশনার আবু আহমদ ছিদ্দীকী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিলেট চেম্বার সভাপতি তাহসিন আহমদ।

### ‘নতুন ব্যবসা সৃষ্টি’ প্রশিক্ষণ




২৩-২৭ জুলাই ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘নতুন ব্যবসায় সৃষ্টি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার এবং সহকারী মহাব্যবস্থাপক আব্বাস আলী। ২২-২৬ জুলাই ২০২৩ গাইবান্ধায় এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জাতীয় ক্ষুদ্র কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব)-এর সহযোগিতায় ‘নতুন ব্যবসা সৃষ্টি ও উদ্যোক্তা উন্নয়ন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## ‘স্মার্ট বাংলাদেশে এসএমই উদ্যোক্তার ডিজিটাল প্রস্তুতি’ কর্মশালা



কর্মশালায় ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথি ও উদ্যোক্তাবৃন্দ

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের ধারাবাহিকতায় সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে ‘স্মার্ট বাংলাদেশ’ গঠনের লক্ষ্যে জ্ঞানভিত্তিক অর্থনীতি ও উদ্ভাবনী বাংলাদেশ যার স্তম্ভ হবে চারটি: (১) স্মার্ট সিটিজেন; (২) স্মার্ট গভর্নমেন্ট; (৩) স্মার্ট ইকোনমি এবং (৪) স্মার্ট সোসাইটি। যেখানে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও আর্থিক খাতের কার্যক্রম স্মার্ট পদ্ধতিতে রূপান্তর, সরকারি ব্যবস্থাপনার আধুনিকায়ন এবং উন্নয়নে দক্ষ ও স্বচ্ছ ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলার লক্ষ্যে সমন্বিত কার্যক্রম গ্রহণসহ সরকারি বিভিন্ন সেবা কার্যক্রম ডিজিটালাইজেশন করা হবে। ‘স্মার্ট বাংলাদেশ’ গড়ার ধারাবাহিকতায় দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের ডিজিটালাইজেশনে এসএমই ফাউন্ডেশন বিভিন্ন ধরনের কার্যক্রম নিয়মিত পরিচালনা করে আসছে। এ লক্ষ্যে ফাউন্ডেশন জুলাই-সেপ্টেম্বরে ঢাকায় ২৮-২৯ আগস্ট ২০২৩, খুলনায় ১২-১৩ সেপ্টেম্বর ২০২৩ ও সাতক্ষীরায় ১৩-১৪ সেপ্টেম্বর ২০২৩ কর্মশালা আয়োজন করা হয়। ৩টি কর্মশালায় ১৫০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## ‘উদ্যোক্তাদের ব্যবসায় অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার পর্যালোচনা’ কর্মশালা



কর্মশালায় ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথি ও উদ্যোক্তাবৃন্দ

অনলাইন প্ল্যাটফর্মে ব্যবসা পরিচালনায় বিভিন্ন প্রকার সমস্যা চিহ্নিত করা এবং সংশ্লিষ্ট সমস্যা সমাধানে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন জুলাই-সেপ্টেম্বর ২০২৩-এ ঢাকায় ০৯-১০ আগস্ট ২০২৩ ও যশোরে ১০-১১ সেপ্টেম্বর ২০২৩ উদ্যোক্তাদের জন্য কর্মশালা আয়োজন করে। ২টি কর্মশালায় ৯০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন এবং অনলাইনে ব্যবসা পরিচালনায় সম্মুখীন সমস্যার সমাধানে বিভিন্ন উপায় নিয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়, যা উদ্যোক্তাদের ব্যবসা সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে আশা করা যায়।

## ‘Digital Marketing for SMEs’ প্রশিক্ষণ



২০-২১ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং IDEB INDUSTRIAL & ENTREPRENEURS DEVELOPMENT ENGINEERS ASSOCIATION (IIEDEA)-এর সহযোগিতায় ‘Digital Marketing for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান।

৩০-৩১ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং লেদার ক্রাফট অ্যাসোসিয়েশনের সহযোগিতায় ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনের কম্পিউটার ল্যাবে হাজারিবাগ লেদার ক্লাস্টার উদ্যোক্তাদের নিয়ে ‘Digital Marketing for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## SOS শিশু পল্লীতে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ



কর্মশালায় ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথি ও অংশগ্রহণকারীবৃন্দ

দেশের যুব সমাজের দক্ষতা বৃদ্ধিতে এসএমই ফাউন্ডেশন ও এসওএস শিশু পল্লী, বাংলাদেশের মাঝে সমঝোতা স্মারকের আলোকে ২৩-২৭ জুলাই ২০২৩ এ এসওএস শিশুপল্লী, বাংলাদেশের ঢাকার শ্যামলীর শিশুপল্লীতে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ১৭জন যুবক অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে ফ্রিল্যান্সিং এর প্রাথমিক ধারণা প্রদানসহ বিভিন্ন মার্কেটপ্লেস সম্পর্কে ধারণা প্রদান, কন্টেন্ট তৈরি, গ্রাফিক্স ডিজাইন এবং সোশ্যাল মিডিয়া মার্কেটিং এ ফ্রিল্যান্সিং কাজ করার বিষয়ে হাতে কলমে বিস্তারিত প্রশিক্ষণ প্রদান করা হয়, যা যুবকদের ফ্রিল্যান্সার হিসেবে কাজ করার বিষয়ে সহায়তা করবে।

## ‘এসএমই ফাউন্ডেশনের আইসিটি বিষয়ক কার্যক্রমের বিষয়বস্তু উন্নয়ন’ কর্মশালা



কর্মশালায় ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথি ও উদ্যোক্তাবৃন্দ

উদ্যোক্তাদের তথ্য প্রযুক্তির সমস্যা ও জটিলতা দূর করার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ০৮ আগস্ট ২০২৩ দিনব্যাপী কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় ফাউন্ডেশনের আইসিটি বিষয়ের রিসোর্সপার্সনসহ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিগণ অংশগ্রহণ করেন। কর্মশালায় বর্তমান অর্থবছরে উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন ধরনের কোর্স আউটলাইন তৈরি করা হয়।

## টাঙ্গাইলের বল্লা তাঁতশিল্প ক্লাস্টারে ‘বিপণন কৌশল’ প্রশিক্ষণ



৩০-৩১ জুলাই ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে টাঙ্গাইলের বল্লা তাঁতশিল্প ক্লাস্টারে ‘বিপণন কৌশল’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ক্লাস্টারে উৎপাদিত তাঁত পণ্যের সফল বিপণন পদ্ধতি, বর্তমান বাজার ব্যবস্থা, অনলাইন বিপণন মাধ্যম, পণ্য বাজারজাতকরণে সুবিধা-অসুবিধা নিয়ে আলোচনা করা হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া ও সহকারী ব্যবস্থাপক মেহেদী হাসান। পরে এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধি দল ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনময় করেন। পরিদর্শনে ইলেকট্রিক জ্যাকার্ড মেশিন, পাওয়ার লুম ও হ্যান্ড লুমের মাধ্যমে তাঁতপণ্য উৎপাদন পদ্ধতি, কাঁচামাল প্রক্রিয়াজাতকরণ, ওয়াশিংসহ ক্লাস্টারের বর্তমান অবস্থা পর্যবেক্ষণ করা হয়। মতবিনিময় সভায় উদ্যোক্তারা ক্লাস্টারে বিদ্যমান নানাবিধ সুবিধা-অসুবিধার কথা তুলে ধরেন এবং বিদ্যমান সমস্যা কাটিয়ে উঠতে এসএমই ফাউন্ডেশনের দিক নির্দেশনা এবং সার্বিক সহযোগিতা কামনা করেন।

# ‘১৯তম মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস ২০২৩’-এ এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ



১২-১৫ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বিশ্বের বৃহত্তম হালাল শোকেস হিসেবে পরিচিত মালয়েশিয়ায় আন্তর্জাতিক হালাল শোকেসের ১৯তম আসরে ১৩জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। রপ্তানি উন্নয়ন ব্যুরো’র সহযোগিতায় এবং মালয়েশিয়ায় বাংলাদেশ হাইকমিশনের তত্ত্বাবধানে মেলায় বাংলাদেশ প্যাভিলিয়নে ১৬টি বাংলাদেশি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। ১ সেপ্টেম্বর ২০২৩ মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম ‘১৯তম মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস এবং দ্যা গ্লোবাল হালাল সামিট-২০২৩’ উদ্বোধন করেন। মালয়েশিয়ার বিনিয়োগ, বাণিজ্য, শিল্পমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর দপ্তরের ধর্ম বিষয়ক মন্ত্রীসহ বিভিন্ন দেশের কূটনৈতিক, সরকারি কর্মকর্তা, ব্যবসায়ী নেতৃবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মালয়েশিয়ায় বাংলাদেশের হাকমিশনার মো. গোলাম সরোয়ার বাংলাদেশ প্যাভিলিয়ন পরিদর্শন করেন উদ্যোক্তাদের ব্যবসা সম্প্রসারণে বিভিন্ন পরামর্শ প্রদান করেন। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে খাদ্য, পোশাক শিল্প, পাট ও পাটজাত পণ্য, চামড়া ও চামড়াজাত পণ্য, আইটি ও হস্তশিল্প ক্যাটাগরিতে পিপলস লেদার ইন্ডাস্ট্রিজ, কে এম আর ক্রাফট, কারুপণ্য, বন্ধন নূরস, অ্যালবাট্রস ফ্যাশন, পশরা লেদার অ্যান্ড জুট, জুটএক্স, বিদোরা ব্যাগ এবং হস্তশিল্প, টেকসলিউশন, প্রিঙ্ক, ত্রিনাস ক্লোসেট, ডাইনাস গ্ল্যামার এবং কল্পতরু মেলায় অংশগ্রহণ করে। বাংলাদেশী উদ্যোক্তা ছাড়াও মেলায় বিশ্বের বিভিন্ন দেশের ট্রেড কমিশন, সরকারি সংস্থা, শিল্প ও ব্যবসায়িক নেতৃবৃন্দ অংশগ্রহণ করে। বাংলাদেশি পাটপণ্যের প্রতি বিভিন্ন দেশের আমদানিকারক ও ব্যবসায়ীদের আগ্রহ দেখা গেছে।

## GET Ahead Training Manual বিষয়ে সভা



০৮ আগস্ট ২০২৩ Promoting Gender Responsive Enterprise Development and TVET System (ProGRESS) প্রকল্পের আওতায় Technical Expert Consultation Meeting on Contextualization of GET Ahead Training Manual বিষয়ে একটি সভা এসএমই ফাউন্ডেশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। ILO Bangladesh-এর পক্ষে এসএমই উন্নয়ন বিশেষজ্ঞ Gunjan B Dallakoti এবং টেকনিক্যাল এক্সপার্ট Nabin Karna সভায় অংশগ্রহণ করেন। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার সভায় উপস্থিত ছিলেন।

## ‘ক্লাস্টার উদ্যোক্তাদের অনলাইন পণ্য প্রদর্শনী ও ওয়েবসাইট ব্যবহারে প্রায়োগিক শিক্ষা’ কর্মশালা




০৬ আগস্ট ২০২৩ ঢাকার সাভারের ভাকুর্তা ইউনিয়নে আর্টিফিশিয়াল জুয়েলারি শিল্প ক্লাস্টারে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘অনলাইন পণ্য প্রদর্শনী ও ওয়েবসাইট ব্যবহারে প্রায়োগিক শিক্ষা’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া, সহকারী ব্যবস্থাপক আবু সালেহ মো. এমদাদুল্লাহ এবং ভাকুর্তা বাজার ইমিটেশন জুয়েলারি সমবায় সমিতির সভাপতি নাজিম উদ্দিনসহ ক্লাস্টারের উদ্যোক্তাগণ। কর্মশালায় উদ্যোক্তাদের ওয়েবসাইটটির বিভিন্ন ফিচারের সাথে পরিচয় দেন টেক সলিউশনসের প্রধান প্রোগ্রামার আসাদুল্লাহ আল ইমরান। এসময় উদ্যোক্তারা অ্যাকাউন্ট খুলে তাদের পণ্যের ছবি ও বিবরণ আপলোড করেন। এই ওয়েবসাইটের মাধ্যমে উদ্যোক্তাদের তৈরি জুয়েলারি পণ্যগুলো প্রদর্শনের সুযোগ পাওয়ায় ব্যবসা আরও সমৃদ্ধ হবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।

## ‘Credit Wholeselling Management System’ সফটওয়্যার কর্মশালা আয়োজন



ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে Credit Wholeselling Management System (CWMS) নামক একটি ডাইনামিক প্লাটফর্ম প্রস্তত করা হয়েছে। এ সফটওয়্যার দ্বারা অর্থায়নকৃত উদ্যোক্তাদের বিজনেস প্রোফাইল হালনাগাদকরণ, পুনঃঅর্থায়ন দাবি, ঋণ পরিশোধসূচি প্রণয়ন, ঋণ আদায়সহ ঋণ মনিটরিং, সুপারভিশন ও ইনপ্যাক্ট অ্যাসেসমেন্ট পরিচালনা করা হবে। CWMS সফটওয়্যারটি ভবিষ্যতে সমন্বিত ডাটাবেজ হিসেবেও কাজ করবে। ফাউন্ডেশনের বিদ্যমান ও আগ্রহী অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এর কর্মকর্তাদেরকে উক্ত সফটওয়্যার পরিচালনা ও রিপোর্টিং বিষয়ক সামগ্রিক ধারণা প্রদান করার লক্ষ্যে ২৪ আগস্ট ২০২৩ একটি কর্মশালার আয়োজন করা হয়। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তারের সভাপতিত্বে উক্ত কর্মশালায় বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিবর্গ অংশগ্রহণ করেন।

## ‘এসএমই উদ্যোক্তাদের পাঁচ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স প্রাপ্তি ও নবায়ন’ ওয়েবিনার

১৩ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টি সম্পর্কে এসএমই উদ্যোক্তাদের সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে ‘এসএমই উদ্যোক্তাদের পাঁচ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স প্রাপ্তি ও নবায়ন’ ওয়েবিনার আয়োজন করা হয়। ওয়েবিনারে পাঁচ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স প্রাপ্তি ও নবায়ন বিষয়ে বিস্তারিত তুলে ধরেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। আলোচনায় ট্রেড লাইসেন্স প্রাপ্তি ও নবায়নের বিভিন্ন চ্যালেঞ্জ, নতুন চালু হওয়া ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স প্রাপ্তির বিভিন্ন দিক এবং এর ফলে উদ্যোক্তাদের সামগ্রিক সুবিধা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পাশাপাশি ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স প্রাপ্তির প্রেক্ষাপট তুলে ধরা হয়। ওয়েবিনারে জানানো হয়, উদ্যোক্তাদের দীর্ঘ দিনের দাবীর প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ দেশের সব সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদকে একত্রে সর্বোচ্চ ৫ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়নের পরিপত্র জারি করেছে। ওয়েবিনারে আরও জানানো হয়, সব ট্রেড লাইসেন্সই পাঁচ বছর মেয়াদী হবে বিষয়টি এমন নয়, বরং সর্বোচ পাঁচ বছর মেয়াদী হতে পারে অর্থাৎ কোন উদ্যোক্তা চাইলে এককালীন ফি দিয়ে ১ থেকে ৫ বছর মেয়াদী যে কোন মেয়াদের ট্রেড লাইসেন্স পেতে পারেন। ওয়েবিনারে ১০০জন এসএমই উদ্যোক্তা জুম প্ল্যাটফর্মের মাধ্যমে এবং প্রায় ২০০০জন এসএমই উদ্যোক্তা ফাউন্ডেশনের ভেরিফাইড ফেসবুক লাইভে যুক্ত ছিলেন। ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মোহাম্মদ শামসুর রহমান এফসিএমএসহ অন্যান্য কর্মকর্তা ওয়েবিনারে যুক্ত ছিলেন।

## ‘Advocacy to get Registration of SME Products as Geographical Indications’ কর্মশালা




কর্মশালায় এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ


২৩ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘Advocacy to get Registration of SME Products as Geographical Indications’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপনা করেন পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তরের সহকারী পরিচালক (ট্রেডমার্কস) মো. বেলাল হোসেন। প্যানেল আলোচক ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মো. হাফিজুল হক খান, পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তরের পরিচালক (জিআই) মো. জিল্লুর রহমান এবং উপপরিচালক (পেটেন্ট) আমিন মো. তাজুল ইসলাম। কর্মশালায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের পরিচালক এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব) সভাপতি মির্জা নুরুল গণী শোভন, বিভিন্ন জেলা নাসিব, এসএমই ক্লাস্টার, অ্যাসোসিয়েশনের প্রতিনিধি ও উদ্যোক্তাগণ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ এবং স্বাগত বক্তব্য প্রদান করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। মূল প্রবন্ধ উপস্থাপক ভৌগোলিক নির্দেশক পণ্য (জিআই) হিসেবে বিভিন্ন পণ্যের তালিকাভুক্তির জন্য আবেদন, পণ্যের নাম, শ্রেণি, বৈশিষ্ট্য, বর্ণনা, স্পেসিফিকেশন, উৎপাদন পদ্ধতি, উৎপাদনকারীর তালিকা, ব্যবহারকাল, পণ্যের নমুনা, অঞ্চলের মানচিত্র ইত্যাদি সম্পর্কে সামগ্রিক ধারণা প্রদান করেন। প্যানেল আলোচনায় জিআই পণ্যের গুরুত্ব তুলে ধরে বলা হয় বাংলাদেশের বিশেষায়িত পণ্য জিআই নিবন্ধন পেলে দেশ হিসেবে বাংলাদেশ যেমন বিশ্বব্যাপী ব্র্যান্ডিং পাবে, তেমনি দেশীয় পণ্যের আন্তর্জাতিক বাজার মূল্যও বৃদ্ধি পাবে। পাশাপাশি ভৌগোলিক নির্দেশক (জিআই) সনদ উৎপাদকদের পণ্যের স্বাতন্ত্র্যও প্রতিষ্ঠা করে। কর্মশালায় ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক নাজিম হাসান সাত্তার ও উপমহাব্যবস্থাপক মোহাম্মদ শামসুর রহমান এফসিএমএসহ অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।

## ‘Smart Skills for Women Entrepreneurs in e-Commerce Business’ প্রশিক্ষণ



জাতিসংঘের এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশন UNESCAP-এর অর্থায়নে এসএমই ফাউন্ডেশন Catalyzing Women's Entrepreneurship (CWE) প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পের Component-৫ এর আওতায় নারী-উদ্যোক্তাদের জন্য ২২-২৩ জুলাই ২০২৩ রংপুরে, ০৫-০৬ আগস্ট ২০২৩ রাজশাহীতে, ১১-১২ সেপ্টেম্বর ২০২৩ চট্টগ্রামে এবং ১৩-১৪ সেপ্টেম্বর ২০২৩ ঢাকায় ‘Smart Skills for Women Entrepreneurs in e-Commerce Business’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। UNESCAP-এর প্রতিনিধি Robert De Jesus প্রশিক্ষণসমূহে অনলাইনে যুক্ত ছিলেন। এসব প্রশিক্ষণে অংশগ্রহণ করেন বিভিন্ন খাতের ১২০জন উদ্যোক্তা। রিসোর্স পার্সন ছিলেন শহীদ উদ্দীন আকবর ও মুমতাহিনা কেয়া। উল্লেখ্য, ১৩-১৪ সেপ্টেম্বর ২০২৩ ঢাকায় আয়োজিত প্রশিক্ষণ পরিদর্শন করেন UNESCAP-এর সামাজিক উন্নয়ন বিভাগের লিঙ্গ সমতা ও সামাজিক অন্তর্ভুক্তি শাখার প্রধান Ms. Cai Cai এবং UNESCAP-এর পরামর্শক রাধিকা বেহুরিয়া।

## বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের সাথে সভা



২৬ জুলাই ২০২৩ এসএমই ফাউন্ডেশনের সভাকক্ষে এসএমই ফাউন্ডেশনের ফাইন্যান্স অ্যান্ড ক্রেডিট সার্ভিসেস বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় সামগ্রিক অর্থনীতির বিকাশ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এসএমই খাতের উদ্যোক্তাদের সহজ শর্তে অর্থায়ন, ফাইনান্সিয়াল লিটারেসি, ঋণ সংযোগকরণ, উদ্যোক্তা-ব্যাংকার সম্মেলন, ফাইনান্সিং ফেয়ার ও এসএমই ব্যাংকিং অ্যাওয়ার্ড কর্মসূচি বাস্তবায়নে এসএমই ফাউন্ডেশন এবং বাংলাদেশ ব্যাংক যৌথভাবে কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে সভায় অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ড. মো. কবির আহমেদ। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড এসপিডি বিভাগের পরিচালক মোহাম্মদ আশিকুর রহমান এবং উভয় প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ। সভায় ফাইন্যান্স অ্যান্ড ক্রেডিট সার্ভিসেস বিভাগের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা এসএমই খাতে অর্থায়ন ত্বরান্বিতকরণ ও ফিন্যান্সিয়াল ইকোসিস্টেম উন্নয়নে উভয় প্রতিষ্ঠানের যৌথ সহযোগিতার ক্ষেত্র বিষয়ে উপস্থাপনা প্রদান করেন।

## রাঙ্গামাটিতে ‘বেকারি পণ্য তৈরি’ প্রশিক্ষণ



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ১১-১৩ সেপ্টেম্বর ২০২৩ রাঙামাটিতে ‘বেকারি পণ্য তৈরি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধন করেন রাঙ্গামাটির মনোঘর ইন্সটিটিউট অফ টেকনোলজি’র নির্বাহী পরিচালক অশোক কুমার চাকমা। রিসোর্সপার্সন ছিলেন তাহমিনা আহমেদ বাণী এবং নাজিয়া ইসলাম। প্রশিক্ষণে উদ্যোক্তাদেরকে পাউন্ড কেক, কাপ কেক, ভ্যানিলা ও চকোলেট কেক বেজ, কেক ডেকোরেশন, ডেকোরেটিভ কেক, পিজ্জা, স্যান্ডউইচ, ডোনাট, হটডগ, ব্রেড, বিস্কিট, সিঙ্গারা, সমুচা ইত্যাদি বেকারি পণ্য হাতে-কলমে প্রস্তুতি শেখানো হয়। প্রশিক্ষণ শেষে উদ্যোক্তাদের মাঝে সনদপত্র বিতরণ করেন রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. কাঞ্চন চাকমা।

## ভোলায় ‘এসএমই ব্যবসায় ব্যবস্থাপনা ও ফাইন্যান্সিয়াল লিটারেসি’ প্রশিক্ষণ



০৩-০৭ সেপ্টেম্বর ২০২৩ ভোলায় নারী-উদ্যোক্তাদের জন্য ‘এসএমই ব্যবসায় ব্যবস্থাপনা ও ফাইন্যান্সিয়াল লিটারেসি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশন এবং ব্যাংক এশিয়ার যৌথ উদ্যোগে আয়োজিত প্রশিক্ষণে ৩০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মাদ মাসুদুর রহমান, ব্যাংক এশিয়ার উইমেন অন্ট্রাপ্রেনার্স ইউনিট হেড রিফাত আনজুম ও ভোলা ব্রাঞ্চ হেড মো. মোস্তাক উদ্দিন এবং প্রশিক্ষক মো. মাহফুজুল হক ও মো. রফিকুল হাসান।

## ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে মতবিনিময়




মতবিনিময় সভায় এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

৩০ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় 'রিভলভিং তহবিল' থেকে ঋণ বিতরণ সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের এসএমই বিভাগের প্রধানদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে সভায় প্রায় ৩২টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের এসএমই বিভাগের প্রধানসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা সভায় জানান, কোভিড-১৯ এর প্রভাব কাটিয়ে উঠার লক্ষ্যে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের অনুকূলে বরাদ্দকৃত ৩০০ কোটি টাকা ক্রেডিট হোলসেলিং মডেল-এ বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে বিতরণ করা হয়। কোভিড পরবর্তী সময়েও দেশের এসএমই খাতের প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণে ফাউন্ডেশন একটি 'রিভলভিং তহবিল' গঠন করে। এই তহবিল থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত ২৯৪ কোটি টাকা প্রায় ৩০০০জন উদ্যোক্তার মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে, যার মধ্যে নারী-উদ্যোক্তাদের হার প্রায় ২৫% এবং উৎপাদন ও সেবা খাতে ঋণ বিতরণ প্রায় ৭৬%। সভায় আরো জানানো হয়, সম্প্রতি বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত SMART সুদ হারের সাথে সঙ্গতি রেখে ফাউন্ডেশন ক্রেডিট হোলসেলিং কার্যক্রমের আওতায় 'রিভলভিং তহবিল' থেকে ঋণ বিতরণ কর্মসূচি আরো সম্প্রসারণের উদ্যোগ নিয়েছে। পরিকল্পনা অনুযায়ী ফাউন্ডেশন আরো অধিক সংখ্যক প্রান্তিক উদ্যোক্তা, বিশেষতঃ সেক্টর ও ক্লাস্টারভিত্তিক, আমদানি-বিকল্প পণ্য তৈরিতে নিয়োজিত, আইসিটি ও প্রযুক্তিনির্ভর সৃজনশীল ব্যবসার সাথে যুক্ত তরুণ এবং নারী-উদ্যোক্তাদের ঋণ বিতরণে অগ্রাধিকার দেয়া হবে।

## এসএমই ফাউন্ডেশনের সহায়তায় 'বাংলাদেশ ফেস্টিভ্যাল ২০২৩'-এ উদ্যোক্তাদের অংশগ্রহণ




বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে ২৭-৩০ সেপ্টেম্বর ২০২৩ বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের উদ্যোগে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয় 'বাংলাদেশ ফেস্টিভ্যাল'। ২৭ সেপ্টেম্বর ২০২৩ ফেস্টিভ্যাল উদ্বোধন করেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমীন চৌধুরী। চার দিনব্যাপী উৎসবে এয়ারলাইনস, হোটেল, রিসোর্ট, অ্যামিউজমেন্ট পার্ক, ট্যুরিস্ট-ভেসেল, ট্রাভেল এজেন্ট, ট্যুর অপারেটর প্রতিষ্ঠান এবং এসএমই ফাউন্ডেশনের সহায়তায় বিভিন্ন ট্রেডবডি/চেম্বার/অ্যাসোসিয়েশনের উদ্যোক্তাগণ এই ফেস্টিভ্যালে অংশগ্রহণ করেন। উৎসবে বিভিন্ন জেলার খাবার, পর্যটন পণ্য ও সেবা তুলে ধরা হয় দর্শনার্থীদের কাছে। ফেস্টিভ্যালে ১৬টি স্টলে চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই), বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই), বাংলাদেশ জুট ডাইভার্সিফাইড প্রোডাক্ট ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন এবং উদ্যোক্তা ক্যাটাগরিতে রাজশাহী নকশী ঘর, সিল্ক সম্ভার, ই-ক্রাফট, মহৎ হস্তশিল্প, টি গাঁও কারুশিল্প, কারুপল্লী, দি গোল্ডেন ক্লোজেট ও বেকি ফাউন্ডেশন অংশগ্রহণ করে। বাংলাদেশের ঐতিহ্য প্রদর্শন ছিল এ ফেস্টিভ্যালের মূল লক্ষ্য।

## 'Leadership and Management Skills for SMEs' প্রশিক্ষণ



প্রশিক্ষণে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথি ও উদ্যোক্তাবৃন্দ

২২-২৪ আগস্ট ২০২৩ এসএমই ফাউন্ডেশন এবং FES Bangladesh-এর উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'Leadership and Management Skills for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণ উদ্বোধন করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক নাজিম হাসান সাত্তার এবং FES Bangladesh-এর প্রোগ্রাম অ্যাডভাইজর আরিফা এস আলম। প্রশিক্ষণে বিভিন্ন চেম্বার/অ্যাসোসিয়েশনের প্রতিনিধিসহ ২৫জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## 'আম, কাঁঠাল ও আনারস সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি' কর্মশালা



০৩-০৪ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে 'আম সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি' এবং ২৪-২৫ সেপ্টেম্বর ২০২৩ 'কাঁঠাল ও আনারস সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালা পরিচালনা করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পোস্ট হার্ভেস্ট টেকনোলজি ডিভিশনের বৈজ্ঞানিকগণ। কর্মশালা উদ্বোধন করেন মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. হাফিজুল হক খান। 'আম সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি' কর্মশালায় উদ্যোক্তাদেরকে ফলমূলের উন্নত সংগ্রহোত্তর পরিচর্যা ও ব্যবস্থাপনা, আম হতে আমসত্ত্ব, জ্যাম, জেলি, জুস, স্কোয়াশ, আচার, ডিহাইড্রেটেড পণ্য, ফ্রেশকাট, স্টিপিং পদ্ধতিতে কাঁচা আম সংরক্ষণ, পাল্প সংরক্ষণ এবং রেডি-টু-ইট পণ্য বাণিজ্যিকভাবে তৈরি ও সংরক্ষণ পদ্ধতি শেখানো হয়। 'কাঁঠাল ও আনারস সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি' কর্মশালায় উদ্যোক্তাদেরকে ফলমূলের উন্নত সংগ্রহোত্তর পরিচর্যা ও ব্যবস্থাপনা, কাঁঠাল হতে জ্যাম, জেলি, চিপস, আচার, স্বত্ত্ব, ডিহাইড্রেটেড পণ্য, স্টিপিং পদ্ধতিতে কাঁচা কাঁঠাল সংরক্ষণ, পাল্প সংরক্ষণ ও রেডি-টু-কুক পণ্য তৈরি এবং আনারস হতে জেলি, চিনির দ্রবণে আনারস সংরক্ষণ, আনারসের লাড্ডু, আনারসের ডিহাইড্রেটেড পণ্য বাণিজ্যিকভাবে তৈরি ও সংরক্ষণ পদ্ধতি শেখানো হয়।

## ফাউন্ডেশনের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ

এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২৬-২৭ সেপ্টেম্বর ২০২৩ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'মাইক্রোসফট এক্সেল' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধন করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। প্রশিক্ষণে ফাউন্ডেশনের ২১জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে কর্মকর্তাদেরকে মাইক্রোসফট এক্সেলের পেজ সেট-আপ, চার্টস তৈরি, গ্রাফিক্যাল অ্যানালাইসিস, ডেটা এন্ট্রি, সর্টিং ও ফিল্টারিং, ডেটা এনালাইসিস, ফরমেটিং, টেবিল, বিভিন্ন প্রকার ফাংশন, মেইল মার্জসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে ধারণা প্রদান করা হয়।

# ‘বাংলাদেশের এসএমই খাতের উন্নয়নে অগ্রাধিকার নির্ধারণে অংশীজন পরামর্শ সভা ও জাতীয় নীতি সংলাপ’




অনুষ্ঠানে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মো. এহছানে এলাহী এবং এফবিসিসিআই সভাপতি মো. মাহবুবুল আলম, ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

এশিয়ার অন্যান্য দেশের মতো বাংলাদেশের সিএমএসএমই খাতের নিবন্ধন, অর্থায়ন, ব্যবসা উন্নয়নসহ সব সেবা একক সংস্থা’র অধীনে হওয়া প্রয়োজন। ০৩ সেপ্টেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশন এবং আইএলও (ILO) বাংলাদেশ-এর উদ্যোগে ‘বাংলাদেশের এসএমই খাতের উন্নয়নে অগ্রাধিকার নির্ধারণে অংশীজন পরামর্শ সভা ও জাতীয় নীতি সংলাপ’-এর সমাপনী অনুষ্ঠানে বিশেষজ্ঞরা একথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মো. এহছানে এলাহী এবং এফবিসিসিআই সভাপতি মো. মাহবুবুল আলম। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন। বক্তব্য প্রদান করেন আইএলও বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর Toumo Poutiainen। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আইএলও বাংলাদেশের এসএমই উন্নয়ন বিশেষজ্ঞ Gunjan Dallakoti এবং এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। মূল প্রবন্ধে বলা হয়, এশিয়ার প্রায় সব দেশে সিএমএসএমই খাতের উন্নয়নে একক সংস্থা থাকলেও বাংলাদেশে ভিন্ন সংস্থা থাকায় সমন্বয়হীনতার কারণে প্রয়োজনীয় সেবা পান না উদ্যোক্তারা। এজন্য সিএমএসএমই প্রতিষ্ঠানের নিবন্ধন, অনুমোদন কর প্রদান একই প্রতিষ্ঠান থেকে হওয়া প্রয়োজন। সেই সাথে সিএমএসএমই উদ্যোক্তাদের ব্যবসা উন্নয়ন সেবা, অর্থায়ন, প্রযুক্তি হস্তান্তর, বাজারজাতকরণসহ সব সেবা নিশ্চিত করতে ওয়ান স্টপ এসএমই হেল্পডেস্ক গঠন করা দরকার। রপ্তানি সম্ভাবনাময় এসএমই ক্লাস্টারসমূহে মান নিয়ন্ত্রণ, বর্জ্য ব্যবস্থাপনাসহ বিভিন্ন সেবা প্রদানে কমন ফ্যাসিলিটি সেন্টার এবং আলাদা সিএমএসএমই রপ্তানি উন্নয়ন সংস্থা গঠনেরও পরামর্শ দেয়া হয় সেমিনারে।

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি বলেন, বাংলাদেশের মোট শিল্প প্রতিষ্ঠানের ৯০ ভাগের বেশি ক্ষুদ্র ও মাঝারি। গ্রাম পর্যায়ে শতকরা ৬৪ ভাগের বেশি প্রতিষ্ঠান অকৃষি খাতের। শিল্প খাতের কর্মসংস্থানের ৮৫ ভাগ সিএমএসএমই খাতের অবদান এবং অর্থনীতিতে এই খাতের অবদান শতকরা ২৫ ভাগ। কোভিড ১৯ এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশের এসএমই উদ্যোক্তারাও মারাত্মক ক্ষতিগ্রস্ত হলেও এসএমই ফাউন্ডেশনসহ সরকার তাদেরকে সহায়তার লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। উল্লেখ্য, দেশব্যাপী শিল্পায়ন ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন এবং দারিদ্র্য দূরীকরণে এসএমই খাতের অবদান অনস্বীকার্য। সরকারের স্বল্প ও দীর্ঘ মেয়াদী লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে এসএমই খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এসএমইকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করে সরকার ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ ও কর্মসূচি গ্রহণ করেছে। ফলে দেশে এসএমই উন্নয়নে উপযোগী পরিবেশের সৃষ্টি হয়েছে এবং জনগণের মধ্যে উদ্যোক্তা হওয়ার ইচ্ছা ও আকাঙ্খা দিনদিন বৃদ্ধি পাচ্ছে।

এসএমই খাতের টেকসই উন্নয়ন ও বিকাশে সরকারের নীতি সহায়তা এবং প্রণোদনা প্রধান নিয়ামক হিসেবে ভূমিকা রাখে। এসডিজির বাস্তবায়নসহ ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি সুখী-সমৃদ্ধ ‘স্মার্ট বাংলাদেশ’-এ উন্নীত করার সরকারি লক্ষ্যমাত্রা অর্জনে এসএমই খাত অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এজন্য দরকার যুগপোযোগী ও কার্যকরী এসএমই উন্নয়ন নীতিমালা, কর্মসূচি ও প্রণোদনা।

এসব বিষয় বিবেচনা করে এসএমই ফাউন্ডেশন এবং আইএলও (ILO) বাংলাদেশ যৌথভাবে National Stakeholder Consultation and Policy Dialogue on Priorities for SME Development in Bangladesh অনুষ্ঠানের আয়োজন করা হয়। কর্মসূচির আওতায় প্রথমদিন ৩১ আগস্ট ২০২৩ স্টেকহোল্ডার কনসালটেশন এবং দ্বিতীয় দিন ০৩ সেপ্টেম্বর ২০২৩ উক্ত স্টেকহোল্ডার্স কনসালটেশন হতে প্রাপ্ত সুপারিশের ওপর ভিত্তি করে ভবিষ্যত খসড়া কর্মপন্থা নির্ধারণ করা হয়, যা পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। কর্মসূচিতে এসএমই এবং উদ্যোক্তা উন্নয়নের সাথে সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

# ‘কাইজেন’ বাস্তবায়নে ৬২টি প্রতিষ্ঠান এবং প্রায় চারশ’ উদ্যোক্তা সহায়তা করেছে এসএমই ফাউন্ডেশন



অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, পরিচালক মির্জা নূরুল গণী শোভনসহ অতিথিবৃন্দ

ব্যবসা প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা ও পণ্যের মানোন্নয়নে ‘কাইজেন’ বাস্তবায়নে ৬২টি প্রতিষ্ঠান এবং প্রায় চারশ’ উদ্যোক্তাকে সহায়তা করেছে এসএমই ফাউন্ডেশন। পাশাপাশি প্রায় ১২০০ উদ্যোক্তার মাঝে ‘কাইজেন’ বাস্তবায়নে সচেতনতা সৃষ্টি করা হয়েছে। ৩১ জুলাই ২০২৩ রাজধানীর আগারগাঁও পর্যটন ভবনে আয়োজিত অনুষ্ঠানে এসব তথ্য জানানো হয়েছে। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এ. কে. এম. মাসুদ, আইপিই বিভাগ, এনপিও মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মুহম্মদ মেসবাহুল আলম এবং শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এস এম আলম। অনুষ্ঠানে ‘এসএমই উন্নয়নে উৎপাদনশীলতা’ প্রবন্ধ উপস্থাপন করেন এনপিও ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা মুহাম্মদ আরিফুজ্জামান এবং স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান বলেন, বড় উদ্যোক্তাদের পাশাপাশি এসএমই উদ্যোক্তাদের জন্য সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের সেবা পাওয়ার ক্ষেত্রে সমান সুযোগ নিশ্চিত করতে প্রতিযোগিতা কমিশনের সাথে আলোচনা করবে এসএমই ফাউন্ডেশন। অনুষ্ঠানে ২০২২-২৩ অর্থবছরে ‘কাইজেন ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প’ সম্পন্নকারী এসএমই প্রতিষ্ঠানকে সনদ প্রদান করা হয় এবং ২০২৩-২৪ অর্থবছরে ‘এসএমই-তে কাইজেন’ কর্মসূচির উদ্বোধন করা হয়। উল্লেখ্য, কাইজেন এমন একটি অনুশীলন যা শুন্য ব্যয়ে যে কোনো কার্যক্রমের ধারাবাহিক উন্নয়নের ওপর আলোকপাত করে।


সম্পাদনা পরিষদ: সালাহ উদ্দিন মাহমুদ, উপব্যবস্থাপনা পরিচালক; মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক; ফারজানা খান, মহাব্যবস্থাপক; মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক; মুহাম্মদ মোরশেদ আলম, সহকারী মহাব্যবস্থাপক
অঙ্গসজ্জা: অসীম কুমার হালদার, উপব্যবস্থাপক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল: ৬ ও ৭) প্লট: ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮০ ২ ৪১০২৪১০৮-১০ ফ্যাক্স: +৮৮০ ২ ৪১০২৪৭১১১, ই-মেইল: info@smef.gov.bd ওয়েব সাইট: www.smef.gov.bd


Scan to download PDF